

বিজ্ঞপ্তি

নং শা-১/৪২৮/শিক্ষা

তারিখঃ ০৯.০৮.২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিগত ০৮.০৭.২০২০ ও ০৫.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির ২৪৫ ও ২৪৬ তম সভার (অনলাইন সভা) সুপারিশসমূহ অদ্য ০৯-০৮-২০২০ তারিখের শিক্ষা পরিষদের জরুরী সভায় অনুমোদিত হওয়ায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

১. অদ্য ৯ আগষ্ট ২০২০ তারিখ রোজ রবিবার অপরাহ্ন হতে জানুয়ারি-জুন/২০২০ সেমিস্টারের এম.এস ছাত্র-ছাত্রীদের ক্লাস অনলাইনে শুরু করা হবে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সাথে যোগাযোগ করতে হবে।
২. পিএইচ.ডি ছাত্র-ছাত্রীদের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রী খসড়া (রাফ) বাইন্ডিং ডিস্যারটেশন জমা দিতে ইচ্ছুক তারা বিভাগীয় প্রধান বরাবরে অনলাইনে ডিস্যারটেশনের ইলেকট্রনিক কপি জমা দিতে পারবে। এখানে উল্লেখ্য যে, ইলেকট্রনিক কপি জমা দেয়ার বিষয়টি সংশ্লিষ্ট ছাত্রের পরীক্ষা কমিটির চেয়ারম্যান ও কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা গবেষণা কমিটি মহোদয়কে কপি প্রদান করে অবগত করতে হবে। বিদেশী পরীক্ষক এর নিকট ডিস্যারটেশন মূল্যায়ন নিমিত্ত ডিস্যারটেশনের Soft copy (Electronic copy) PDF এবং MS Word ফাইলে পাঠাতে হবে।
৩. পিএইচ.ডি. ছাত্র-ছাত্রীদের ১ম সেমিনার ও ২য় সেমিনার অনলাইনে সম্পন্ন করা যাবে। এখানে উল্লেখ্য যে, অনলাইন সেমিনারে যুক্ত হওয়ার নিমিত্ত সেমিনারের নোটিশটি BAU Teacher's Net এ প্রচারের ব্যবস্থা করতে হবে এবং সেমিনার সম্পন্ন হওয়ার পর ই-মেইলে প্রিন্ট কপি, অনলাইনে অংশগ্রহণকারীদের স্থির চিত্র প্রিন্ট করে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা গবেষণা কমিটি মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।
৪. কোভিড-১৯ কারনে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকা অবস্থায় পিএইচ.ডি. ছাত্র-ছাত্রীদের Online-এ ডিফেন্স নেয়া হবে। উল্লেখ্য যে, অনলাইনে ডিফেন্স সম্পন্ন হওয়ার পর ই-মেইল এর প্রিন্ট কপি, ডিফেন্স এর সিদ্ধান্ত, অনলাইনে অংশগ্রহণকারীদের স্থির চিত্র প্রিন্ট করে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা গবেষণা কমিটি মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে


স্বাক্ষর/- রেজিস্ট্রার

মেমো নং শা-১/৪২৮(১১)/শিক্ষা

তারিখঃ ০৯.০৮.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. সকল অনুষদীয় ডিন।
২. কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি/ছাত্র বিষয়ক উপদেষ্টা।
৩. সকল বিভাগীয় প্রধান।
৪. পরিচালক, আইসিটি সেল। বিজ্ঞপ্তিটি বাকুবি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা। একটি জাতীয় দৈনিক পত্রিকায় এক সংখ্যায় প্রকাশের অনুরোধসহ।
৬. সকল ফ্যাকাল্টি সদস্য।
৭. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর-এর সদয় জ্ঞাতার্থে।
৮. উপ-পরিচালক, প্রো-ভাইস চ্যান্সেলর সচিবালয়। মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর-এর সদয় জ্ঞাতার্থে।
৯. ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা-১। রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১০. পরিষদ বিভাগ। পরবর্তী সিডিকেটে রিপোর্ট করার অনুরোধসহ।
১১. গার্ড ফাইল, সংস্থাপন শাখা-১।


০৯/০৮/২০২০
রেজিস্ট্রার